

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্স: ০২-৮৮৭৯১১৯ ফোন: ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ২৩৪-৪/০৪ (৪র্থ খণ্ড)-২১৫ (২১৫)-ই তারিখ: ২২-০৪-২০১৬

বিষয়: সড়ক/মহাসড়কে রোড সেফটি এবং অন্যান্য বিষয়ে সাইন সিগন্যাল স্থাপন নিশ্চিত করণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৫-০৪-২০১৬ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সড়ক/মহাসড়কে রোড সেফটি এবং অন্যান্য বিষয়ে সাইন সিগন্যাল স্থাপন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সচিব মহোদয় সওজ অধিদপ্তরাধীন সড়ক/মহাসড়কে রোড সেফটিসহ অন্যান্য বিষয়ে বিভিন্ন সতর্কতা ও নির্দেশনামূলক সাইন সিগন্যাল দৃশ্যমান না থাকায় উদ্বেগ প্রকাশ করেছেন। এমনকি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিভিন্ন সময়ে সড়ক/মহাসড়ক পরিদর্শনকালেও একই রকম লক্ষ্য করেছেন, যা অত্যন্ত দুঃখজনক এবং একই সঙ্গে সড়ক/মহাসড়কে চলাচলকারী যানবাহন ও পথচারীদের নিরাপত্তার জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ।

এমতাবস্থায়, তার জোন অধীন বিদ্যমান সড়ক/মহাসড়কে রোড সেফটি এবং অন্যান্য বিষয়ে সাইন সিগন্যাল অনতিবিলম্বে যথাযথভাবে স্থাপন করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(ইবনে আলম হাসান)

পরিচিতি নং-০০১০৩৩

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণ (কার্যার্থে) :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/কুমিল্লা জোন, কুমিল্লা/রাজশাহী জোন, রাজশাহী/বরিশাল জোন, বরিশাল/খুলনা জোন, খুলনা/চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/রংপুর জোন, রংপুর/সিলেট জোন, সিলেট/গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :-

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।